

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬৭৬

পরিচ্ছেদঃ যাকাত আদায়ের ত্বরাগ্বিত করা।

باب مَا جَاءَ فِي تَعْجِيلِ الزَّكَاةِ

## আরবী

حَدَّثَنَا الْقَاسِمُ بْنُ دِينَارٍ الْكُوفِيُّ، حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ مَنْصُورٍ، عَنْ إِسْرَائِيلَ، عَنِ الْحَجَّاجِ بْنِ دِينَارٍ، عَنِ الْحَكَمِ بْنِ جَحْلٍ، عَنْ حُجْرٍ الْعَدَوِيّ، عَنْ عَلِيّ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ لِعُمَرَ " إِنَّا قَدْ أَخَذْنَا زَكَاةَ الْعَبَّاسِ عَامَ الأَوَّلِ لِلْعَامِ " . قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ عَبَّاسٍ . قَالَ أَبُو عِيسَى لاَ أَعْرِفُ حَدِيثَ تَعْجِيلِ الزَّكَاةِ مِنْ حَدِيثِ إِسْرَائِيلَ عَنِ الْحَجَّاجِ بْنِ دِينَارٍ إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ وَحَدِيثُ إِسْمَاعِيلَ بْنِ زَكَرِيًّا عَنِ الْحَجَّاجِ عِنْدِي الْحَجَّاجِ بْنِ دِينَارٍ إلاَّ مِنْ هَذَا الْوَجْهِ وَحَدِيثُ إِسْمَاعِيلَ بْنِ زَكَرِيًّا عَنِ الْحَجَّاجِ عِنْدِي الْحَجَّاجِ مِنْ حَدِيثِ إِسْرَائِيلَ عَنِ الْحَجَّاجِ بْنِ دِينَارٍ . وَقَدْ رُوكِيَ هَذَا الْحَديثُ عَنِ الْحَكَمِ بْنِ أَصَحَ النَّبِيّ صلى الله عليه وسلم مُرْسَلاً . وَقَدِ اخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِي تَعْجِيلِ الزَّكَاةِ عَنْ النَّكَةِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم مُرْسَلاً . وَقَدِ اخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِي تَعْجِيلِ الزَّكَاةِ قَبْلَ مَحِلِّهَا فَرَأًى طَائِفَةٌ مِنْ أَهْلِ الْعِلْمِ أَنْ لاَ يُعَجِّلُهَا . وَيهِ يَقُولُ سُفْيَانُ الثَّوْرِيُّ قَالَ عَنْ أَوْلُ الشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ . وَيهِ يَقُولُ الشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ . وَيهِ يَقُولُ الشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ .

## বাংলা

৬৭৬. কাসিম ইবনু দ্বীনার কুফী (রহঃ) ...... আলী (রাঃ) থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উমার (রাঃ) কে বলেছিলেনঃ আমরা বছরের প্রথমেই আব্বাস -এর এই বছরের যাকাতও নিয়ে নিয়েছি। - তিরমিজী হাদিস নম্বরঃ ৬৭৯ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবনু আব্বাস (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, অগ্রিম যাকাত প্রদান সম্পর্কে ইসরাঈল-হাজ্জাজ ইবনু দ্বীনার বর্ণিত এই হাদিসটি, এ ছাড়া আর কোন সূত্রে বর্ণিত আছে বলে জানিনা। ইসরাঈল- হাজ্জাজ ইবনু দ্বীনার তুলনায় ইসমাঈল ইবনু যাকারিয়া সূত্রে বর্ণিত হাদিসটি আমার নিকট অধিকতর সহীহ্। এটি হাকাম ইবনু উতায়বা-এর বরাতে নবী সাল্লাল্লাল্থ আলাইহি ওয়াসাল্লাম থেকে মুরসালরূপেও বর্ণিত আছে। যাকাত আদায়ের সময় হওয়ার আগেই অগ্রিম যাকাত প্রদান করা সম্পর্কে আলিমদের মধ্যে মতভেদ



রয়েছে। একদল আলিম অগ্রিম প্রদান না করাই আমার নিকট মুস্তাহাব। অধিকাংশ আলিম বলেন, যাকাত ধার্য হওয়ার নির্ধারিত সময়ের আগেই যদি যাকাত অগ্রিম দিয়ে দেওয়া হয়, তবে তা হয়ে যাবে। এ হল ইমাম শাফিঈ, আ⊔হমাদ ও ইসহাক (রহঃ)- এর অভিমত।

## **English**

Ali narrated that:

the Prophet said to Umar: "We have taken this year's Zakat from Al-Abbas in the previous year."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন